...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৬.১৪.২৮০

তারিখ: ১০ আষাঢ় ১৪২৮
২৪ জুন ২০২১

বিষয়: রিট পিটিশন নং-৫৩৫১/২০১৪ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক বিগত ১১/০৯/১৪ তারিখে প্রদত্ত রায় / নির্দেশনা এবং সিপিএল এ নং-৭২৫/১৫ মামলার গত ২৬/০৬/২০১৫ খ্রি. তারিখের রায় / আদেশের আলোকে দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলাধীন ফুলবাড়ী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ এর শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থবছর হতে জুন/২০১৯ পর্যন্ত (যার যে মাস/বছর হতে প্রযোজ্য) বকেয়া বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪, তারিখ: ০৬/০৫/২০১০খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯, তারিখ: ৩১/০৫/২০১০খ্রি.
(৩) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০৭.১৫-৪০৪, তারিখ: ২১/১০/২০১৫খ্রি.
(৪) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.৫৬.২০৫৫, তারিখ: ২৪/০৮/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৬/৫/২০১০ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলাধীন ফুলবাড়ী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজটি নতুন এমপিওভুক্ত প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত করা হয়। পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের ৩১/০৫/২০১০ তারিখের সূত্রোক্ত (২) নং পত্রমূলে বর্ণিত প্রতিষ্ঠানটি এমপিও তালিকা থেকে বাতিল করা হয়।

২। ফলে উক্ত প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মো: আব্দুল্লাহ আল মাজেদ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৫৩৫১/২০১৪ মামলা দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় বিগত ১১/০৯/১৪ তারিখে প্রদত্ত রায়/আদেশের শেষাংশে নিম্নরূপভাবে নির্দেশনা প্রদান করা হয়-

"The respondents concerned are hereby directed to include the name of the said institution in the list of MPO for the financial year 2009-2010 provided it fulfills the requirements as stipulated in the "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা" ২০১০, (in short, the Janabal Kathamo, 2010)", within a period of 90 (ninety) days from the date of receipt of the copy of the judgment and order.

৩। উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষ কর্তৃক সিভিল পিটিশন ফর লীভ টু আপীল নং-৭২৫/১৫ দায়ের করা হলে তা ২৬/০৬/২০১৫ খ্রি. তারিখে খারিজ হয়ে যায়। মহামান্য আপিল বিভাগের গত ২৬/০৬/২০১৫ তারিখের আদেশটি নিম্নরূপ:

"The leave petition is out of time by 188 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory. Accordingly, the Civil Petition for Leave to appeal is dismissed as barred by limitation " ফলে রিট মামলার রায় / আদেশ বহাল রয়ে যায়।

৩। এর ফলে বর্ণিত প্রতিষ্ঠানের অনুকূলে মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী অবিভক্ত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২১/১০/২০১৫ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকমূলে মোট ২২ (বাইশ) টি প্রতিষ্ঠান এমপিও তালিকাভুক্ত করা হয়। উক্ত তালিকায় তর্কিত প্রতিষ্ঠানটির নাম ১৪ নং ক্রমিকে উল্লেখ রয়েছে, জারীকৃত আদেশে বর্ণিত প্রতিষ্ঠানের এইচএসসি (বিএম) স্তর-এ কম্পিউটার অপারেশন ট্রেডটি অনুমোদন করা হয়। এমপিওভুক্তির উক্ত আদেশটি জারির তারিখ হতে কার্যকর হবে মর্মে উল্লেখ ছিল।

৪। তদপ্রেক্ষিতে ডিটিই কর্তৃক তথ্যাদি যাচাইক্রমে বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণের অনুকূলে ০৩ (তিন) বারে (মার্চ/১৬ মাসে ০৪ জন, মে/১৭ মাসে ০১ জন, অক্টোবর/১৭ মাসে ০৩ জন, এপ্রিল/১৯ মাসে ০১ এবং মে/১৯ মাসে ০১ জন = ১০ জন) বেতন ভাতা (এমপিও) ছাড় করা হয় মর্মে ডিটিই'র পত্রের সাথে সংযুক্ত বর্ণিত প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত তথ্য হতে স্পষ্ট হয়।

৫। উল্লেখ্য- মহামান্য হাইকোর্টের ১১/০৯/১৪ তারিখের আদেশে (..MPO for the financial year 2009-2010 উল্লেখক্রমে) ২০০৯-১০ অর্থবছর হতে প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার নির্দেশনা থাকালেও মার্চ/১৬ মাস হতে ১ম এমপিওভুক্ত করা হয়।

৬। উক্ত রায়ের আলোকে ২০০৯-২০১০ অর্থবছর হতে আলোচ্য প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বকেয়া প্রাপ্তির দাবীতে পিটিশনার কর্তৃক কনটেম্পট পিটিশন নং-১৪৩/২০২০ (রিট পিটিশন নং-৫৩৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলা দায়ের করা হয়েছে।

৭। রিট পিটিশন নং-৫৩৫১/২০১৪ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত রায় / আদেশের আলোকে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর হতে বকেয়া বেতন-ভাতাদি (এমপিও) প্রদানের জন্য পিটিশনার তথা প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক সচিব, টিএমইডি বরাবর আলোচ্য আবেদন দাখিল করা হয়েছে।

৮। উল্লেখ্য- ২০০৯-২০১০ অর্থবছর হতে আলোচ্য প্রতিষ্ঠানটি এমপিওভুক্ত করার নির্দেশনা থাকার পরেও শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ২১/১০/২০১৫ খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং পত্রের ২(৬) নং ক্রমিকে "এমপিওভুক্তির এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে" মর্মে উল্লেখ থাকায় বকেয়া ব্যতীত এমপিও প্রদান করা হয়েছে যা মহামান্য হাইকোর্টের রায়/আদেশ এবং আপিল বিভাগের রায়/নির্দেশনার (২০০৯-২০১০ অর্থ বছর হতে প্রতিষ্ঠানটি এমপিওভুক্তকরণ) পরিপন্থী হয়েছে। ফলশ্রুতিতে কনটেম্পট মামলা সৃষ্টির সুযোগ হয়েছে। উল্লিখিত প্রেক্ষাপটে মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী ২০০৯-২০১০ অর্থ বছর হতে প্রতিষ্ঠানটি এমপিও পাওয়ার যোগ্য মর্মে উল্লেখ করে মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়নের লক্ষ্যে ২০০৯-২০১০ অর্থ বছর হতে বর্ণিত দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলাধীন "ফুলবাড়ী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ"-এর শিক্ষক-কর্মচারীদের বকেয়া এমপিও প্রদানের অনুমতির জন্য ডিজি, ডিটিই কর্তৃক ২৪/০৪/২০২০খ্রি.তারিখে সূত্রোক্ত (৪) নং পত্রমূলে অনুরোধ জানানো হয়।

৯। বিশেষভাবে উল্লেখ্য, সমজাতীয় বিষয়ে অর্থাৎ ২০০৯-২০১০ অর্থবছর হতে বকেয়া এমপিও প্রাপ্তির দাবীতে ভিন্ন নথিতে উপস্থাপিত রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ মামলা তথা দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলাধীন হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট কর্তৃক কোন আপত্তি উত্থাপন না করে অব্যাহতভাবে ০২ (দুই) বছর বেতন ভাতা (এমপিও) প্রাপ্তির পর বকেয়া প্রাপ্তির আবেদন দেরীতে করার কারণে ২০০৯-১০ অর্থবছর হতে বকেয়া বেতন ভাতা পরিশোধ করতে আইনগত বাধা আছে কী-না, সে বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য আইন ও বিচার বিভাগকে অনুরোধ করা হয়।

১০। উক্ত অনুরোধের প্রেক্ষিতে আইন ও বিচার বিভাগ কর্তৃক গত ০১.১২.১৯ তারিখের ১৬২ সংখ্যক পত্রের সাথে সংযুক্ত ২৫.১১.২০১৯ তারিখের ১০.০০.০০০০.১২৯.০৪.১২৫.১৯ নং নথিতে বিস্তারিত আলোচনার পর প্রেরিত আইন ও বিচার বিভাগের মতামতের অংশের শেষাংশ নিম্নরূপ:

"সার্বিক বিষয় পর্যালোচনায় পলিক্ষিত হয় যে, যেহেতু মাননীয় আপীল বিভাগে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লীভ টু আপীলসমূহ তামাদির বিলম্বজনিত কারণে খারিজ হয়ে গিয়েছে, সেহেতু মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ এর রায় অদ্যাবধি বহাল ও বলবৎ রয়েছে। অত:পর শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক বিগত ২১.১০.১৫ তারিখে রিট আবেদনকারী প্রতিষ্ঠানকে এমপিওভুক্তি করে আদেশ জারী করে। এমপিওভুক্তির আদেশটি জারির তারিখ হতে কার্যকর হবে মর্মে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছিল।

মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ এর রায়ে রিট আবেদনকারী প্রতিষ্ঠানকে ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্ত করার নির্দেশনাসহ প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের সরকারি অংশের বেতন-ভাতাদি প্রদানের নির্দেশনা প্রদান করেন। কিন্তু

প্রত্যাশি বিভাগ রিট আবেনদনকারী প্রতিষ্ঠানকে ২১.১০.১৫ তারিখে এমপিওভুক্ত করে, যা মাননীয় হাইকোর্ট বিভাগের প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হয়নি।

এক্ষেত্রে বিবেচ্যপত্রে উল্লিখিতমতে রিট আবেদনকারী প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীগণ ০৪ (চার) বছর অব্যাহতভাবে এমপিওভুক্ত হয়ে বেতন-ভাতা উত্তোলনের পর মাননীয় হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে আবেদনকারীগণের বকেয়া বেতন ভাতাদি পাওয়ার আবেদন Estoppel দ্বারা এবং ট্রেজারী রুল ৬১ ধারা বারিত হওয়ার কোন কারণ নেই।

কাজেই মাননীয় আদালতের রায় অনুযায়ী প্রশাসনিক বিভাগ কর্তৃক ভূতাপেক্ষ অনুমোদন প্রদানক্রমে উক্ত এমপিওভুক্তির সংশোধনী প্রজ্ঞাপন জারীক্রমে মাননীয় হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৯৩৭/১৪ এর রায় অনুযায়ী রিট পিটিশনারকে ২০০৯-২০১০ অর্থ বছর হতে বকেয়া বেতন-ভাতাদি (সরকারি অংশের) পরিশোধের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা সঙ্গত হবে।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, রিট আবেদনকারী হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজসেন ম্যানেজমেন্ট ইনস্টিটিউট-কে ২০০৯-২০১০ অর্থবছর হতে এমপিওভুক্ত করায় এবং উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বকেয়া বেতন ভাতা (সরকারি অংশের) ঐ বছর হতে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে" মর্মে মতামত প্রদান করা হয়েছে।

উপরিউক্ত মতামত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদনের পর টিএমইডিতে প্রেরণ করা হয়।

১১। যেহেতু "হাকিমপুর টেকনিক্যাল এন্ড বিজসেন ম্যানেজমেন্ট ইনস্টিটিউট" এবং 'ফুলবাড়ী টেকনিক্যাল এণ্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ' দুটি প্রতিষ্ঠানের চাহিত প্রতিকারের বিষয়বস্তু (২০০৯-২০১০ হতে বকেয়া দাবী) সমজাতীয় / সমগোত্রীয় (Analogous) যেহেতু সমজাতীয় বিষয়ভুক্ত প্রতিষ্ঠান, রিট মামলার রায়েও উভয় প্রতিষ্ঠানের বিষয়ে একই নির্দেশনা (..MPO for the financial year 2009-2010 উল্লেখক্রমে) প্রদান করা হয়েছে সেহেতু আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত উপরিউক্ত মতামতের আলোকে ফুলবাড়ী টেকনিক্যাল এণ্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ এর শিক্ষক-কর্মচারীদের ২০০৯-২০১০ অর্থ বছর হতে (উক্ত সময়ে কর্মরত থাকা সাপেক্ষে) বকেয়া এমপিও প্রদান করা ন্যায়ানুগ হবে।

১২। এক্ষণে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

(ক) রিট পিটিশন নং-৫৩৫১/২০১৪ মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক বিগত ১১/০৯/১৪ তারিখে প্রদত্ত রায় / আদেশের আলোকে দিনাজপুর জেলার ফুলবাড়ী উপজেলাধীন 'ফুলবাড়ী টেকনিক্যাল এণ্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ'-এর এমপিওভুক্তির আদেশ জারীর সময় (২০০৯-২০১০ সনে) উক্ত প্রতিষ্ঠানে অব্যাহতভাবে কর্মরত থাকার বিষয়টি নিশ্চিত হয়ে শিক্ষক-কর্মচারীদের অনুকূলে ২০০৯-২০১০ অর্থ বছর হতে জুন/২০১৯ পর্যন্ত (ভিন্ন ভিন্ন সময়ে শিক্ষক-কর্মচারীদের এমপিওভুক্ত করা হয়েছে বিধায় যার জন্য যে সময় হতে প্রযোজ্য) বকেয়া এমপিও প্রদান করা;

(খ) রিট মামলার রায়ের আলোকে প্রাপ্য বকেয়া প্রদানের পূর্বে কনটেম্পট পিটিশন নং-১৪৩/২০২০ (রিট পিটিশন নং-৫৩৫১/২০১৪ হতে উদ্ভুত) মামলাটি পিটিশনার কর্তৃক প্রত্যাহার করার ব্যবস্থা গ্রহণ করে প্রমাণক টিএমইডি-তে প্রেরণ করা;

১৩। এমতাবস্থায়, উল্লিখিত মতে ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪-৬-২০২১
মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব

মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৬.১৪.২৮০/১(৫)

তারিখ: ১০ আষাঢ় ১৪২৮
২৪ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

২) সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৪) উপসচিব, এমপিও শাখা , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

৫) অধ্যক্ষ, ফুলবাড়ী টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, উপজেলা-ফুলবাড়ী, জেলা- দিনাজপুর।

২৪-৬-২০২১
মোঃ নুরুল ইসলাম শেখ
সহকারী সচিব